H.S.C. Exam Rept

দৈনিক বাংলা

তারিখ 24 JUN 1987
পৃষ্ঠা 1 কলাম 2

018



এইচএসসি পরীক্ষা শুরুর প্রথম দিনে রাজধানীর একটি পরীক্ষা কেন্দ্র —ইনকিলাব [illegible]

# এইচএসসি পরীক্ষা শুরুঃ নকলের হিড়িক

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল দেশের চারটি বোর্ডের এইচএসসি পরীক্ষা প্রথমদিন শান্তিপূর্ণভাবে অতিবাহিত হয়েছে। গতকাল ছিল বাংলা পরীক্ষা।

চারটি বোর্ডের অধীনে মোট ২ লাখ ৪২ হাজার ৮শ' ৯৯ জন পরীক্ষার্থী এবারের

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## এইচএসসি

প্রথম পৃষ্ঠার পর

পরীক্ষায় অংশগ্রহণ করেছে। চারটি বোর্ড মোট ৫শ' ৪০টি কেন্দ্রের মাধ্যমে এইচএসসি পরীক্ষা নেয়ার ব্যবস্থা করেছে।

শিক্ষা উপ-মন্ত্রী জনাব গোলাম সরোয়ার মিলন গতকাল সকালে লালমাটিয়া মহিলা কলেজ কেন্দ্র পরিদর্শন করেন। শিক্ষা উপ-মতনরী শান্তিপূর্ণভাবে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।

পরীক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শনকালে শিক্ষা উপ-মন্ত্রীর সাথে ঢাকা বোর্ডের চেয়ারম্যান জনাব আবদুর রশিদ চৌধুরী এবং পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর দলীল উদ্দিন মণ্ডল উপস্থিত ছিলেন।

### বহিষ্কার

এদিকে গতকাল এইচএসসি পরীক্ষার প্রথমদিনে অসদুপায় অবলম্বনের দায়ে সারা দেশের বিভিন্ন কেন্দ্র থেকে মোট ১৪৭ জন পরীক্ষার্থী এবং একজন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

ঢাকার তিতুমীর কলেজ কেন্দ্র থেকে ১ জন, টংগী কেন্দ্র থেকে ১ জন, কাপাসিয়া কেন্দ্র থেকে ৭ জন, শিঙ্গাইর কেন্দ্র থেকে ১ জন ও হাতীরদিয়া কেন্দ্র থেকে ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

আমাদের নারায়ণগঞ্জ সংবাদদাতা জানিয়েছেন, নারায়ণগঞ্জের ৫টি কেন্দ্র থেকে ২ জন এবং সোনারগাঁও কেন্দ্র থেকে ১৫ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে।